দৈনিক ইনকিলাব

তারিখ ... 16 NOV 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 7 ...

## পাসের হার শতকরা ২৭·৩৯ ভাগ

# রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল গতকাল ঘোষণা করা হয়েছে। গত জুলাই-আগস্ট মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। পরীক্ষায় অংশগ্রহণকারী ৬৬ হাজার ৭শ' ৭৪ জন পরীক্ষার্থীর মধ্যে অকৃতকার্য হয়েছে ৪৮ হাজার ৭শ' ৭৯ জন। পরীক্ষায় পাসের হার শতকরা ২৭ দশমিক ৩৯ ভাগ। যশোর বোর্ডে উচ্চ মাধ্যমিক পরীক্ষায়

২-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## পরীক্ষার ফল প্রকাশ

প্রথম পৃষ্ঠার পর

মানবিক বিভাগে মোট ৩৩ হাজার ৬শ' ৬২ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল। এদের মধ্যে ২শ' ২৪ জন প্রথম বিভাগে, ৩ হাজার ২শ' ৯ জন দ্বিতীয় বিভাগে এবং ৪ হাজার ২শ' ২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। এ বিভাগে পাসের হার শতকরা ২২ দশমিক ৬৮ ভাগ।

বিজ্ঞান বিভাগে অংশগ্রহণকারী ২০ হাজার ১শ' ৩৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৩শ' ৫৫ জন প্রথম বিভাগ, ৪ হাজার ৫শ' ৪৭ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ৬শ' ৭১ জন তৃতীয় বিভাগ লাভ করেছে। এ বিভাগে পাসের হার শতকরা ৩৭ দশমিক ৬১ ভাগ।

বাণিজ্য বিভাগে ১২ হাজার ৯শ' ৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৭ জন প্রথম বিভাগে, ১ হাজার ৭শ' ৫০ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ২শ' ৭০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। এই বিভাগে পাসের হার শতকরা ২৩ দশমিক ৭৮ ভাগ।

এ পরীক্ষায় বিভিন্ন বিভাগে মোট ৫১ হাজার ৩শ' ৪৭ জন ছাত্র অংশ নিয়েছিল। এদের মধ্যে মোট ১ হাজার ৩শ' ২৬ জন প্রথম বিভাগ, ৭ হাজার ২শ' ৮৭ জন দ্বিতীয় বিভাগ এবং ৫ হাজার ৫শ' ৪০ জন তৃতীয় বিভাগ লাভ করেছে। অংশগ্রহণকারী ১৫ হাজার ৪শ' ২৭ জন ছাত্রীর মধ্যে ৩শ' ২০ জন প্রথম বিভাগ, ২ হাজার ২শ' ১৯ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ৬শ' ৩ জন তৃতীয় বিভাগ লাভ করেছে।

মানবিক শাখার সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলের ছাত্র রাশেদ মাহমুদ ৮১৪ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে।

বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় রংপুর কারমাইকেল কলেজের ছাত্র আ ন ম এহতেশাম রফিক ৯৪০ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে।

বাণিজ্য শাখার সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী কলেজের ছাত্র এ কে এম তারেক ৭১২ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে।